

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ ফেব্রুয়ারি ২০২৩খ্রি.

### দক্ষিণ কাউন্সিলি জেলেদের মাঝে ভিজিএফ'র চাউল বিতরণ করেন কাউন্সিলর মোহাম্মদ ইসমাইল

দক্ষিণ কাউন্সিলি ওয়ার্ডস্ কালি মন্দির এলাকায় সিটি মেয়রের নির্দেশনা অনুযায়ী গতকাল রোববার বিকেলে স্থানীয় জেলেদের মাঝে ভিজিএফ'র প্রথম দফায় ৫৮০টি পরিবারের মাঝে ১৩০ কেজি করে ৯২ টন ৮ কেজি চাউল বিতরণ করেন ওয়ার্ড কাউন্সিলর অধ্যাপক মোহাম্মদ ইসমাইল।

চাল বিতরণকালে তিনি বলেন-জেলারা খেটে খাওয়া মানুষ। সাগরে মাছ ধরে তারা জীবিকা নির্বাহ করে থাকে। বছরের একটি নির্দিষ্ট সময়ের সরকারি নিষেধাঙ্কার কারণে মাছ ধরা থেকে তাদের বিরত থাকতে হয়। এই সময় তাদের জীবিকা নির্বাহের জন্য সরকার ভিজিএফ'র মাধ্যমে চাউল দিয়ে থাকে। তিনি মা ইলিশ রক্ষায় জেলে সম্প্রদায়কে সচেতন হওয়ার আহ্বান জানান।। এসময় আরো উপস্থিত ছিলেন-ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মাহাবুল আলম, যুবলীগ নেতা ফারুক, কবির আহমেদ, সূজন দাশ, বিন্টু দাশ, খেলন দাশ, রতন দাশ, বুদ্ধু দাশ, বিষ্ণু দাশ, রাজ কুমার দাশ সহ জেলে সম্প্রদায়ের নেতৃবৃন্দ।

### ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি বাংলাদেশের অমূল্য সম্পদ: প্রফেসর ড. অনুপম সেন

বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বৈচিত্র্যপূর্ণ সংস্কৃতি এ দেশের অমূল্য সম্পদ বলে মন্তব্য করেছেন উপমহাদেশের প্রখ্যাত সমাজ বিজ্ঞানী প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। তিনি বলেন, সাংস্কৃতিক নানা উপাদান এসব জাতিগোষ্ঠীর সক্ষমতার বহিঃপ্রকাশ। জাতীয় উন্নয়নের জন্যই ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতির বিকাশে ইতিবাচক দৃষ্টিভঙ্গি দরকার। দেশের সংখ্যাগুরু মানুষের উচিত সংখ্যায় কম মানুষের সংস্কৃতির বিকাশে এগিয়ে আসা। ভাষা যদি না থাকে, তবে সংস্কৃতি বিলুপ্ত হবে। তাই প্রয়োজন বাংলাদেশের অনেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা ও সংস্কৃতির সঠিক লালন। তিনি বলেন ক্ষুদ্র সংস্কৃতির বিকাশে সাম্প্রদায়িকতা ও ধর্মান্ধতাকে বড় অন্তরায়। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও জাতিসত্তা সমূহের অধিবাসীদের মধ্যে চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, ম্রো, লুসাই, বোম, পাংখোয়া, খুমি, চাক, খেয়াং প্রভৃতি উপজাতি রয়েছে। অসাম্প্রদায়িক সংস্কৃতির উপাদান মানুষ মানুষে বিভাজন রুখতে পারে। ১৯৭২ থেকে ১৯৭৫ সালের বঙ্গবন্ধুর শাসনামলে, শিক্ষা, স্বাস্থ্য, অবকাঠামোগত উন্নয়ন ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের প্রতি বঙ্গবন্ধুর আন্তরিকতা ও উদারতার ধারা অব্যাহত ছিল। এছাড়াও বঙ্গবন্ধুর শাসনামলেই পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় ছাত্র-ছাত্রীদের জন্য বৈদেশিক বৃত্তি মঞ্জুর করা হয়।

আজ সোমবার বিকেলে অমর একুশে বইমেলা মঞ্চে নৃগোষ্ঠী উৎসবের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক ড. আজাদ বুলবুলের সভাপতিত্বে আলোচক হিসেবে বক্তব্য রাখেন খাগড়াছড়ি জেলা পরিষদের চেয়ারম্যান কংজুরী চৌধুরী, আন্তর্জাতিক মাতৃভাষা পুরস্কার প্রাপ্ত গুণীজন মথুরা বিকাশ ত্রিপুরা, নাবিক ও প্রবাসী কল্যাণ পরিদপ্তরের পরিচালক সুমন বড়ুয়া, বিশিষ্ট কলামিস্ট ড. মাসুম চৌধুরী, কাউন্সিলর পুলক খান্দগীর। স্বাগত বক্তব্য রাখেন বই মেলা কমিটির আহবায়ক কাউন্সিলর ড. নিহার উদ্দিন আহমেদ মঞ্জু। এসময় উপস্থিত ছিলেন শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগে সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নে ১৯৯৬ সাল থেকে একটি নীতিমালার আলোকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন করা শুরু করা হয় এবং কর্মসূচিটি চলমান রয়েছে। বাংলাদেশ সরকার পার্বত্য চট্টগ্রামের অধিবাসীদের আশা-আকাঙ্ক্ষা ও প্রত্যাশা পূরণে সর্বদা সচেষ্ট। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অন্যতম অঙ্গীকার হচ্ছে, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ১৭টি লক্ষ্য থেকে কোনো জাতিগোষ্ঠীই বাদ পড়বে না।

উৎসবে রাজামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের উপজাতীয় গান ও নৃত্য শিল্পীরা অংশগ্রহণ করেন।

অমর একুশে বইমেলার পর্দা নামছে মঙ্গলবার

অমর একুশে বইমেলায় সমাপনী অনুষ্ঠান হতে যাচ্ছে মঙ্গলবার (২৮ ফেব্রুয়ারি)। বিকাল ৪টায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন একুশে পদকপ্রাপ্ত শিল্পী সুবর্ণা মুস্তাফা। সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। স্বাগত বক্তব্য রাখবেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম।

চট্টগ্রাম এম.এ. আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেসিয়াম চত্বরে বইমেলা মঞ্চে আয়োজিত অনুষ্ঠানে চিত্রাঙ্কনসহ অন্যান্য সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ, অমর একুশ বইমেলা ২০২৩-এ অংশগ্রহণকারী ঢাকা ও চট্টগ্রামের প্রকাশকদের মাঝে সনদ প্রদান ও সাজসজ্জায় শ্রেষ্ঠ স্টলকে পুরস্কার প্রদান করবেন প্রধান অতিথি তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(সাহেদ হোসেন হিরা)